বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

উন্নত পল্লী উন্নত দেশ
বঙ্গবন্ধুর সোনার বাংলাদেশ

# নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ইসমাইল হোসেন<br>পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা। |
| তারিখ | : | ২৯/০৩/২০২৩ খ্রি. । |
| সময় | : | সকাল ১০:০০ টা । |
| সভার স্থান | : | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ । |

সভায় উপস্থিতি পরিশিষ্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি বিআরডিবি'র NIS টিমের সদস্য সচিব ও উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়) সভায় ২য় কোয়ার্টারের (অক্টোবর-ডিসেম্বর/২০২২) এর বেশিরভাগ সিদ্ধান্ত প্রতিপালন করা হয়েছে মর্মে সভায় জানান। তিনি বিআরডিবি'র বিভিন্ন শাখা/জেলাদপ্তর থেকে প্রাপ্ত ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোর ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি শাখা/জেলাদপ্তরসমূহের ২০২২-২০২৩ NIS এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। সভাপতি NIS এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরও সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে শাখা/জেলাদপ্তরসমূহের NIS সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল শাখা/জেলাদপ্তর হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্যও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :-

১. নৈতিকতা কমিটির সভা প্রতি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অনুযায়ী অগ্রগতি নিশ্চিত করতে হবে;

২. প্রতি কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে;

৩. শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন ও প্রতিটি প্রশিক্ষণে নৈতিকতা সম্পর্কে সেশন পরিচালনা করতে হবে;

৪. এডিপিভূক্ত প্রকল্পের পিআইসি ও পিএসসি সভা লক্ষমাত্রায় নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত আয়োজন করতে হবে;

৫. বাজেট যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং IBAS++ এর তথ্য হালনাগাদ করতে হবে;

৬. সরকারি যানবাহনের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে;

৭. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক অকোজো মালামাল নিস্পত্তি ও নথি বিনষ্ট করতে হবে;

৮. শুদ্ধাচারের লক্ষামাত্রা অনুযায়ী প্রতিটি সূচকের অর্জন নিশ্চিত করতে হবে এবং প্রতিটি সূচকের প্রমাণক আবশ্যিকভাবে সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;

৯. শুদ্ধাচার পুরস্কার প্রদান বিষয়ে শেষ কোয়ার্টারের ১ম মাসে উদ্যোগ গ্রহণ করতে হবে;

১০. জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল শাখা/জেলা ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পুরণে ব্যর্থ হবে তাদেরকে ঘাটতিসহ ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে;

১১. সেবা প্রদানের ক্ষেত্রে বিআরডিবি'র সকল কর্মকর্তা-কর্মচারীকে শতভাগ সততা ও নিষ্ঠার সাথে কাজ করতে হবে। দুর্নীতি প্রতিরোধ বিষয়ে জেলা পর্যায়ের মাসিক সমন্বয় সভায় এজেন্ডা রাখতে হবে;

১২. সঠিক সময়ে অফিসে হাজিরা নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সদর কার্যালয়ে উপপরিচালক (সাধারণ পরিচর্যা) কে ডিজিটাল হাজিরা চালু করার ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো;

১৩. কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/ টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি) করার জন্য উপপরিচালক (সাধারণ পরিচর্যা) প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

১৪. কোভিড-১৯ প্রণোদনা ঋণ পুনর্বিনিয়োগসহ স্বচ্ছতার সহিত ঋণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় উপস্থাপন হয়নি। সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৩/২০২৩

মোঃ ইসমাইল হোসেন
যুগ্মসচিব
পরিচালক (প্রশাসন)

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২..০৬.০০৩.২২.২৭২৬

তারিখ: ২৭/০৩/২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। প্রকল্প/কর্মসূচি পরিচালক (সকল) .................................................. বিআরডিবি, ঢাকা/গাইবান্ধা/রংপুর।
২। যুগ্মপরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), বিআরডিবি, ঢাকা।
৩। নির্বাহী পরিচালক (পিইপি), বিআরডিবি, ফরিদপুর।
৪। উপপরিচালক (পরিকল্পনা/সাধারণ পরিচর্যা/পরিদর্শন/পরিবীক্ষণ/প্রোগ্রামিং/বাজেট/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
৫। উপপরিচালক (সকল), জেলাদপ্তর ..............................................................................বিআরডিবি।
৬। মহাপরিচালক এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। পরিচালক (প্রশাসন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক (প্রশাসন) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সংশ্লিষ্ট নথি।

২৭/৩/২৩

মো: নুরুজ্জামান
উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)